

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ : আহত ৬

কুমিল্লা ব্যুরো:

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ছাত্রলীগের ইলিয়াস-আলি গ্রুপের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ ও ধাওয়া-পান্টাধাওয়ার ঘটনা ঘটেছে। শুক্রবার সকাল পৌনে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের অদূরে কেটবাড়ী গাছ ল্যাবরেটরি স্কুলের সামনে এ ঘটনা ঘটে। এতে উভয় গ্রুপের অন্তত ৬ জন আহত হয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, কুবিতে ভর্তিছদের স্বাগত জানাতে সকাল থেকে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে পরীক্ষা কেন্দ্রের সামনে ছাত্রলীগের ইলিয়াস এবং আলি গ্রুপের নেতাকর্মীরা পৃথক অবস্থান নেন। এরপর আধিপত্য বিস্তার নিয়ে উভয় গ্রুপে ধাওয়া-পান্টাধাওয়া ও সংঘর্ষ হয়। এতে ৬ জন আহত হয়েছেন। এদের মধ্যে গুরুতর আহত ছাত্রলীগ কর্মী মাজেদ কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে। খবর পেয়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ বিষয়ে কুবির ডেপুটি রেজিস্ট্রার দলিলুর রহমান জানান, পরীক্ষা কেন্দ্রের বাইরে সংঘর্ষ হয়েছে, এতে পরীক্ষার্থীদের কোনো সমস্যা হয়নি।